**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সকলের অধিকার এবং মর্যাদা রক্ষার জন্য ন্যায়সঙ্গত ডিজিটাল পরিবেশ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মানবাধিকার দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে মানুষের সাংবিধানিক ও মৌলিক অধিকার রক্ষা করা ।**

**(৩) রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ বিভিন্ন দপ্তরে বেশকিছু পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।**

**(৪) কেন্দ্র বলেছে যে ফসল, আবহাওয়া এবং জলের তথ্য সংগ্রহের জন্য ২,৮১৭ কোটি টাকা ব্যয়ে কেন্দ্রীয় মন্ত্রিসভা একটি ডিজিটাল কৃষি মিশন অনুমোদন করেছে ।**

*******************************************

**President, Human Rights :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সকলের অধিকার এবং মর্যাদা রক্ষার জন্য ন্যায়সঙ্গত ডিজিটাল পরিবেশ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ নতুনদিল্লিতে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত মানবাধিকার দিবসের অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে সাইবার অপরাধ এবং জলবায়ু পরিবর্তন মানবাধিকারের জন্য নতুন হুমকি। রাষ্ট্রপতি বলেন, দারিদ্র্য বিমোচন, ক্ষুধা দূরীকরণ এবং যুবাদের সমান সুযোগ প্রদানের

নীতি বাস্তবায়নের মাধ্যমে ভারত বিশ্বের সামনে একটি উজ্জ্বল উদাহরণ হিসেবে দাঁড়িয়েছে।

******************************

**CM-Human Rights Day :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মানুষই মানুষের অধিকার খর্ব করে। মানুষের জন্মলগ্ন থেকেই তাদের অধিকার খণ্ডিত হয়। আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা মানবাধিকার কমিশনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন মানবাধিকার দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে মানুষের সাংবিধানিক ও মৌলিক অধিকার রক্ষা করা। তিনি বলেন সম্প্রতি নতুন তিনটি ফৌজদারি আইন মানবাধিকার রক্ষার জন্যই বলবৎ করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন ভারতের সভ্যতা ও সংস্কৃতি পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ। কিন্ত কিছু বিভেদকামী শক্তি তা নষ্ট করার চেষ্টা করছে। কিন্তু সবাই একত্র হয়ে লড়াই করলে তারা কোনোদিন সফল হবেনা। অনুষ্ঠানে রাজ্যের লোকায়ুক্ত বি কে কিলিকদার বলেন আন্তর্জাতিক মানবাধিকার দিবসের একটি ঐতিহাসিক তাৎপর্য রয়েছে। তিনি বলেন জাতীয় মানবাধিকার কমিশনের উৎপত্তির পর থেকে এখন পর্যন্ত ২৩ দশমিক ৪ লক্ষ মামলা নথিভুক্ত হয়েছে। তার মধ্যে বেশ কিছু মামলার নিস্পত্তি হয়েছে। অ্যাডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী বলেন অধিকার এবং কর্তব্য সমসাময়িক। মানবাধিকার সম্পর্কে জানতে হলে নিজের কর্তব্য সম্পর্কে সচেতন হতে হবে। তিনি বলেন মানুষ তখনই সুরক্ষিত থাকবে যখন তার চারিদিক সুরক্ষিত থাকবে। পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন বলেন সামাজিক ও অর্থনৈতিক মানোন্নয়ন তখনই হবে যখন মানবাধিকার সুরক্ষিত থাকবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেব্বর্মা, ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস। স্বাগত ভাষণ দেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস। অনুষ্ঠানে দ্বিতীয় পর্যায়ে আলোচনাচক্র ও বসে আঁকো প্রতিযোগিতা এবং প্রবন্ধ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে

পুরস্কার প্রদান করা হয়। উল্লেখ্য এই বছরে দিনটির মূল বিষয় হলো আমাদের অধিকার, বর্তমানে আমাদের ভবিষ্যৎ।

******************************

**Cabinet Meeting :**

মন্ত্রিসভার বৈঠকে আজ বিভিন্ন দপ্তরে বেশকিছু পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন পদ ও শূন্যপদ মিলিয়ে মোট ৪৯৮টি পদ পূরণ করা হবে। মহাকরণে সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন। তিনি জানান, শূন্যপদগুলির মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরে ১৬১টি টেকনিশিয়ান পদ, ২৪১টি এলডিসি এবং শিল্প ও বাণিজ্য দপ্তরে ৯৬টি পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রী জানান, এই পদগুলি পূরণের জন্য শীঘ্রই পদক্ষেপ নেয়া হবে। তিনি আরও জানান, পুলিশের স্পেশাল এগজিকিউটিভ পদে ৬ হাজার ৬৭টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া চলছে। এই পদের জন্য আগে বেতন বা সাম্মানিক ১১ হাজার টাকা ঠিক করা হয়েছিল। আজ মন্ত্রিসভায় এই সাম্মানিক ১৩ হাজার টাকা করার সিদ্ধান্ত নেয়া হয়।

******************************

**CM-TIT :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নত প্রশিক্ষণের মাধ্যমে রাজ্যের আইটিআইগুলি থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য আগামী দিনে কর্মসংস্থানের সুযোগ আরো বৃদ্ধি পাবে। আজ নরসিংগড়স্থিত ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজি'র নবনির্মিত অডিটোরিয়ামের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। টাটা টেকনোলজিস লিমিটেডের সঙ্গে মৌ স্বাক্ষর এর প্রসঙ্গ উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

#########Byte#########

মুখ্যমন্ত্রী আরো বলেন, ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজি প্রতিষ্ঠানটি পূর্বে পলিটেকনিক ইনস্টিটিউট হিসেবে পরিচিত ছিল। কেন্দ্রীয় ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় পর্যায়ক্রমে টিআইটির অডিটোরিয়াম ও পরিকাঠামো উন্নয়ন করা হয়েছে। যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অডিটোরিয়াম বিভিন্ন অনুষ্ঠানেও শিক্ষার্থীদের পারফরম্যান্স করার ক্ষেত্রে একটি সহায়ক মঞ্চ হিসেবে কাজ করে। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরে বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজি সম্পর্কে সরকারের ভবিষ্যত পরিকল্পনা তুলে ধরে বলেন, এই শিক্ষা প্রতিষ্ঠানটির পরিকাঠামো জাতীয় স্তরের পরিকাঠামোর সমতুল্য। প্রতিষ্ঠানের ড্রোন টেকনোলজি সেন্টারটি কে আরো উন্নত করার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক নয়ন সরকার, শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা। ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজিতে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে আজ এক রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়।

**********************************

**Shibraj Singh Chauhan :**

কেন্দ্র বলেছে যে ফসল, আবহাওয়া এবং জলের তথ্য সংগ্রহের জন্য কেন্দ্রীয় ২৮১৭ কোটি টাকায় মন্ত্রিসভা একটি ডিজিটাল কৃষি মিশন অনুমোদন করেছে। লোকসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, ডিজিটাল পাবলিক পরিকাঠামো রাজ্যগুলির সাথে অত্যাবশ্যক কৃষি তথ্যের উপর একটি ব্যাপক ভূ-স্থানিক ব্যবস্থা তৈরি করতে সমন্বিত হচ্ছে। শ্রী চৌহান বলেন, তৃতীয় পর্বের মোদী সরকারের ১০০ দিনের মধ্যে কৃষকদের জন্য বেশ কিছু উল্লেখযোগ্য উদ্যোগ নেওয়া হয়েছে।

****************************

**Pushback :**

কৈলাসহরে ১৯৯নং বি.এস.এফ এবং ৪৬নং B.G.B'র কোম্পানি কমান্ডার পর্যায়ের বৈঠকের পর এক নাবালিকা অনুপ্রবেশকারিনীকে গতকাল সন্ধ্যায় বাংলাদেশে ফেরৎ পাঠানো হ'লো। গত রবিবার ঐ নাবালিকা বে-আইনীভাবে ভারতীয় ভূখণ্ডে প্রবেশ করেছিল। একারণে গতকাল সন্ধ্যায় কৈলাশহরের মাগুরুলী সীমান্তের জিরো পয়েন্টে এক বৈঠক হয়। ঐ নাবালিকাকে তার মা'র কাছে সমর্পণ করা হয়। বিএসএফ সূত্রে এ সংবাদ জানা গেছে।

***************************

**NEC Meeting :**

আগামী ২০ এবং ২১ ডিসেম্বর ৭২তম উত্তরপূর্বাঞ্চল পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশন ত্রিপুরায় অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ সকালে এই অধিবেশনের প্রস্তুতি খতিয়ে দেখতে উজ্জয়ন্ত প্রাসাদ পরিসর ও প্রজ্ঞাভবন পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, আগরতলায় দু'দিনের এই অধিবেশনে অংশ নিতে পরিষদের চেয়ারম্যান তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ২০ ডিসেম্বর রাজ্যে আসছেন। সঙ্গে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও আসবেন। অধিবেশনে সাতটি রাজ্যের রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী এবং মুখ্যসচিব, উচ্চপদস্থ প্রশাসনিক আধিকারিকরা অংশ নেবেন। মুখ্যমন্ত্রী বলেন, এই বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন প্রকল্প ও উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হবে। এই অধিবেশনের ফলে ত্রিপুরা রাজ্য সহ গোটা উত্তর পূর্বাঞ্চলের জনগন উপকৃত হবেন বলে তিনি আশা ব্যক্ত করেন। পরিদর্শন কালে মুখ্যমন্ত্রীর সঙ্গে আগরতলা পুর নিগমের কমিশনার ডঃ শৈলেশ কুমার যাদব, শিল্প বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

**************************

**Krishi Samridhi Swarna Week :**

বীরচন্দ্রমনুর দক্ষিন জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রে গত চৌঠা ডিসেম্বর থেকে আজ পর্যন্ত কৃষি সমৃদ্ধি স্বর্ন সপ্তাহ নানা কর্মসূচিতে পালিত হয়। আজ কর্মসূচির শেষ দিনে অনুষ্ঠিত হয় কৃষকদের উৎপাদিত সামগ্রী প্রদর্শন ও কৃষক ও বিজ্ঞানীদের মত বিনিময়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক প্রমোদ রিয়াং। বিধায়ক জিতেন্দ্র মজুমদার, বিএসএফ'র উদয়পুর সেক্টরের ডিআইজি অনিল শর্মা, ভারতীয় কৃষি গবেষণা কেন্দ্রের প্রধান বিজ্ঞানী অসিত চক্রবর্তী প্রমুখ বক্তব্য রাখেন অনুষ্ঠানে। জেলার বিভিন্ন ফার্মাস ক্লাব, বেসরকারি সংগঠনের সদস্য ও কৃষকরা তাদের উৎপাদিত সামগ্রী নিয়ে প্রদর্শনীতে এবং মত বিনিময় সভায় অংশ নেন।

বিজ্ঞানীদের আবিস্কৃত নতুন নতুন প্রযুক্তি ও বীজ ব্যবহার করতে কৃষকদের পরামর্শ দেন বক্তারা। কৃষকদের উৎসাহিত করতে তাদের উৎপাদিত সামগ্রীর জন্য ফার্মাস ক্লাব ও বেসরকারি সংস্হাগুলিকে পুরস্কৃত করা হয়। দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ডক্টর বি কে নন্দা জানান, আজ ১০০ জন কৃষককে কৃষি ও সেচের সামগ্রী প্রদান করা হয়।

*****************************

**Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলায় গীতাঞ্জলি রাজ্য অতিথি শালায় সাংবাদিক সম্মেলনে জানান, আগামী ১৪ই ডিসেম্বর স্বামী বিবেকানন্দ ময়দানে ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্ট-২০২৪ এর মুল অনুষ্ঠান হবে। এই অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল উপস্থিত থাকবেন। শ্রী চৌধুরী জানান, আজ এক বৈঠকে অনুষ্ঠানের চূড়ান্ত প্রস্তুতিপর্ব খতিয়ে দেখা হয়েছে। এই বৈঠকে উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, ত্রিপুরা পুলিশের ডিআইজি মনচাক ইপ্পার, পর্যটন

দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, যুগ্ম অধিকর্তা অনিরুদ্ধ রায়, সদর মহকুমা শাসক মানিক লাল দাস, পশ্চিম জেলা ট্রাফিক পুলিশের সুপার মানিক দাস, পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের ভারপ্রাপ্ত মুখ্য বাস্তুকার রাজীব মজুমদার সহ অন্যান্য উচ্চপদ অধিকারিকরা। পর্যটনমন্ত্রী বলেন, অনুষ্ঠানের দিন স্বামী বিবেকানন্দ ময়দানে প্রবেশের জন্য তিন ধরনের গেট ও তিন ধরনের প্রবেশ পত্র করা হচ্ছে।

*************************

**Bangla Sanskriti Boloy :**

বাংলা সংস্কৃতি বলয়ের উদ্যোগে সাপ্তাহিক সংস্কৃতি হাটের প্রথম বর্ষপূর্তি উপলক্ষ্যে গত ৭ই ডিসেম্বর থেকে ১৫ই ডিসেম্বর পর্যন্ত ৯দিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষ্যে গত ৭ডিসেম্বর থেকে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। তারমধ্যে রয়েছে সাংস্কৃতিক প্রতিযোগিতা, পথ নাটক, পুতুল নাটক, আলোচনা সভা ইত্যাদি।গত ৮ই ডিসেম্বর সংস্কৃতি হাটে বর্ষপূর্তি উৎসবের সূচনা করেন বিধায়ক রতন চক্রবর্তী। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে প্রদীপ প্রজ্জ্বলন ও সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন করা হয়। আগামী ১৫ই ডিসেম্বর উৎসবের সমাপ্তি দিনে নন্দননগর সেনপাড়া মাঠে সাপ্তাহিক সংস্কৃতি হাটে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা উপস্থিত থাকবেন।

****************************

**Women's Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে ত্রিপুরা গ্রুপের তৃতীয় ম্যাচে পরাজিত হয়েছে। হরিয়ানার সুলতানপুরে গুরুগ্রাম ক্রিকেট মাঠে অনুষ্ঠিত খেলায় আজ বাংলা ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২২৪ রান করে। জবাবে

বাংলা ৪৮ ওভার ৩ বল-এ ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা করবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************